

শিক্ষক স্বল্পতা ও দায়িত্বে অবহেলা

কক্সবাজারে হাজার হাজার বালক-বালিকা
প্রাথমিক শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত

কক্সবাজার সংবাদদাতা ॥ কক্স-
বাজার জেলার বিভিন্ন প্রত্যন্ত
অঞ্চলের হাজার হাজার বালক-বালিকা
প্রাথমিক শিক্ষাভের সুযোগ হইতে
বঞ্চিত হইতেছে। প্রাথমিক শিক্ষা
বাধ্যতামূলক করা হইলেও নানা
कारणे উহা বাধাগ্রস্ত হইতেছে।
কক্সবাজার জেলার ৭টি থানায় ৬৭টি
ইউনিয়নে প্রায় ৩ লক্ষ শিশু ও
বালক-বালিকা প্রাথমিক বিদ্যালয়ে

যাওয়ার উপযোগী হইলেও বিদ্যা-
লয়ে যায় না বলিয়া একটি বেসর-
কারী প্রতিষ্ঠানের পরিসংখ্যানে জানা
(১৩ পৃ: দ্র:)

কক্সবাজারে হাজার হাজার
(৩য় পৃ: পর)

গিয়াছে। আর্থিক সংকটে, পিতা-
মাতার আগ্রহ না থাকায় ও প্রয়ো-
জনীয়সংখ্যক বিদ্যালয়ের অভাবে
তাহারা প্রাথমিক শিক্ষার সুযোগ
পাইতেছে না বলিয়া জানা গিয়াছে।
এমনকি যাহারা লেখাপড়া করার
জন্য বিদ্যালয়ে ভর্তি নয় তাহাদের
অনেকেই আবার নানা কারণে
বিদ্যালয় হইতে বিমুখ হইয়া ফিরিয়া
যাইতেছে। কয়েকজন অভিভাবক
জানায়, শিক্ষকের স্বল্পতা ও কতি-
পয় শিক্ষকের দায়িত্বে অবহেলার
कारणे প্রাথমিক শিক্ষা ব্যাহত
হইতেছে। প্রাথমিক বিদ্যালয়-
গুলির শতকরা ৯০ ভাগ শিক্ষক
হোমিওপ্যাথিক ডাক্তারী ও নানা
প্রকার ব্যবসা-বাণিজ্যের সহিত
জড়িত থাকায় যথাযথভাবে শিক্ষক-
তার দায়িত্ব পালন করিতে ব্যর্থ।
অন্যদিকে কোন কোন শিক্ষক
মাসে একদিন স্কুলে গিয়া হাজিরা
খাতায় সারা মাসের দস্তখত করিয়া
সরকারী বেতন ইত্যাদি ভোগ
করিতেছেন বলিয়াও অভিযোগ
পাওয়া গিয়াছে।